

যন্ত্রণার পালক

আপসকামীদের ভীড়ে দলছুট একলা ওড়ে
রঙদার ঘুড়ির অহং
এ'নগর জানে উপেক্ষার বিস্তারে কতকাল
বাঁধা পড়ে আছে নদী পরমায়ু
সত্য থেকে সরে আসলে জীবন লোভের আকাশ
দ্বন্দ্ব ও মুখোশের অবিরাম সংকেতে
পাক খায় জঠরের নশ্বরতা
নেমে আসে বিষাক্ত যন্ত্রণার পালক

ঐজিৎ রায়

